

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন  
জাতীয় কার্যালয়, গাইড হাউজ  
নিউ বেইলী রোড, ঢাকা - ১০০০  
ইমেইল : bgguidesho@gmail.com

স্মারক নং- বাগাগা/প্রঃকাঃ/রেঞ্জার কাঃ/০০৮/০০৭/২০২২- ৯৩৫

তারিখ : ২৫ জুলাই ২০২২

বিষয় : ১৬ তম জাতীয় রেঞ্জার পরিষদ অধিবেশন ও নির্বাচন ২০২২।

সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের '১৬ তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচন' আগামী ৪-৭ আগস্ট ২০২২ নির্ধারণ করা হয়েছে। উক্ত অধিবেশনে আপনার অঞ্চল হতে রেঞ্জার কাউন্সিলের নীতিমালা অনুসারে ১২ জন রেঞ্জার, ১ জন রেঞ্জার গাইডার ও ২জন রেঞ্জার (পর্যবেক্ষক) সহ মোট ১৫ জন অংশগ্রহণ করতে পারবেন। এছাড়াও ১৫ তম জাতীয় রেঞ্জার পরিষদ অধিবেশনে আপনার অঞ্চলের নির্বাচিত যে দুইজন সদস্য জাতীয় রেঞ্জার পরিষদের কার্যনির্বাহী কমিটিতে ছিলেন তাদেরকেও ১৬ তম জাতীয় রেঞ্জার পরিষদ অধিবেশন ও নির্বাচন ২০২২ এ অংশগ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অনুরোধ জানাচ্ছি।

০২। উল্লেখ্য যে, নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীকে অবশ্যই রেঞ্জার অভিষেক পরীক্ষায় (ইনভেস্ট টিচার্স) পাস হতে হবে এবং বয়স সীমা হবে রেঞ্জার নীতিমালা অনুযায়ী। অধিবেশনে অংশগ্রহণকারী রেঞ্জারদের চূড়ান্ত নামের তালিকা আগামী ২৮ জুলাই ২০২২ তারিখের মধ্যে প্রেরণ এবং অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশন ও যাতায়াত খরচ স্ব স্ব অঞ্চলকে বহন করার জন্য অনুরোধ জানানো হলো।

০৩। অধিবেশন বাস্তবায়নে আপনার সর্বাঙ্গীন সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

রীতা জেসমিন  
২৫/০৭/২০২২

রেঞ্জার কমিশনার

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

আঞ্চলিক কমিশনার

রাজধানী, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট, কুমিল্লা, রংপুর, ময়মনসিংহ অঞ্চল

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন/ প্রোগ্রাম), বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
২. প্রশিক্ষণ কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৩. জেনারেল সেক্রেটারী, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৪. জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৫. ট্রেইনার, জাতীয় কার্যালয়, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৬. ট্রেইনার, রাজধানী/ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/কুমিল্লা/রংপুর/ ময়মনসিংহ অঞ্চল
৭. জাতীয় কমিশনারের ব্যক্তিগত কর্মকর্তা (জাতীয় কমিশনার মহোদয়ে অবগতির জন্য)
৮. হিসাব শাখা, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৯. ১৫তম জাতীয় রেঞ্জার কাউন্সিলের কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ
১০. সংশ্লিষ্ট নথি/মাস্টার নথি

বিঃ দ্রঃ রেঞ্জার গাইডারদের কর্মস্থল ত্যাগের অনুমতি ও খরচ প্রসঙ্গে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করে বলা যাচ্ছে যে, সরকারি/বেসরকারি কর্মকর্তাদে কর্মস্থল ত্যাগ ও টি, এ/ডি, এ খরচ সংক্রান্ত বিষয়গুলি সরকারি অধ্যাদেশ শিক্ষা মন্ত্রণালয়ের মেমো নং-SXI/13P-17/72/685/150-END, Dated-19/06/73 and No. S-VII/13P-6/77/779/150/(C&S), Dated: 21/08/78 এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর মেমো নং-৩২০০ শাঃ শি, তারিখ : ১১/৪/২০০২ মোতাবেক উক্ত সভায় আগামী ০৪-০৭ আগস্ট ২০২২ তারিখ পর্যন্ত তাঁদের কর্মস্থলে অনুপস্থিতি সময়কালকে সরকারি কাজে কর্মরত বলে গণ্য করা হবে। এছাড়া বেসরকারি প্রতিষ্ঠানে রেঞ্জার গাইডার সদস্যদের যাবতীয় খরচ সংশ্লিষ্ট অঞ্চল ও প্রতিষ্ঠানের রেঞ্জার তহবিল হতে ব্যয়ভার বহন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

## অধিবেশন তথ্যাদি

১. অধিবেশন স্থান : গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা- ১০০০।
২. আগমন ও রেজিস্ট্রেশন : ০৪ আগস্ট ২০২২ বিকেল ৪:০০ হতে ৬:০০ টা পর্যন্ত  
(এর পর কোন রেজিস্ট্রেশন গ্রহণ করা হবে না)
৩. অধিবেশন ও সেশন ব্রিফিং : সন্ধ্যা ৬:০০ টা
৪. অধিবেশন উদ্বোধন : ০৫ আগস্ট ২০২২, গাইড অডিটোরিয়াম
৫. নির্বাচন : ০৬ আগস্ট, ২০২২
৬. প্রস্থান : ০৭ আগস্ট ২০২২ সকাল ৮.০০ টা
৭. আবাসন ব্যবস্থা : গাইড হাউজ, জাতীয় কার্যালয়
৮. কাউন্সিল ফি : ৩০০.০০ ( তিনশত পঞ্চাশ ) টাকা মাত্র
৯. খাদ্য খরচ ও অন্যান্য : জাতীয় কার্যালয়

- আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল এর জানুয়ারী হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়িত সচিত্র প্রতিবেদন গাইডের ৬ টি ক্ষেত্র অনুসারে সাজিয়ে আনতে হবে।
- আনুষ্ঠানিক পোষাক, নিত্য প্রয়োজনীয় সামগ্রী, নোটখাতা, পেন্সিল, রেঞ্জার টেস্ট কার্ড, এস.এস.সি সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ, নিজস্ব ঔষধ, প্রয়োজনীয় জিনিসপত্র সঙ্গে আনতে হবে।
- কোন দামী জিনিস বা অতিরিক্ত টাকা আনলে নিজ দায়িত্বে রাখতে হবে। এ ব্যাপারে অফিস কোনরূপ দায়িত্ব বহন করবে না। নির্ধারিত সময় (০৭ আগস্ট ২০২২) এর পূর্বে অংশগ্রহণকারী কাউন্সিলরগণ অধিবেশনের স্থান কোন মতেই ত্যাগ করতে পারবেন না।
- নির্বাচনে অংশগ্রহণকারীদের বয়স সীমা ২৫ বছর। ২৫ বছরের উর্ধ্বে কোন রেঞ্জার সদস্য নির্বাচনে অংশগ্রহণে করতে পারবে না।
- নির্বাচনে অংশগ্রহণকারী রেঞ্জার সদস্যকে ইনভেস্টিচার পাস হতে হবে এবং কার্ড সঙ্গে আনতে হবে।
- যদি কোন কারণে রেঞ্জার ইনভেস্টিচার কোর্স সম্পন্ন করা না থাকে, সেক্ষেত্রে অঞ্চলের নির্বাচিত সদস্যকে ০১(এক) মাসের মধ্যে রেঞ্জার ইনভেস্টিচার কার্ড জমা দিতে হবে। নতুবা তাহার সদস্যপদ বাতিল বলিয়া গণ্য করা হবে।
- প্রত্যেক অঞ্চলের আঞ্চলিক পতাকা সাথে আনতে হবে এবং অঞ্চলের অংশগ্রহণকারী সকলকে গাইড হাউজে অবস্থান করতে হবে।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন  
জাতীয় কার্যালয়, গাইড হাউজ  
নিউ বেইলী রোড, ঢাকা ১০০০  
ই-মেইল : [bguidesho@gmail.com](mailto:bguidesho@gmail.com)

### সম্মতি পত্র

বিষয় : ১৬ তম জাতীয় রেঞ্জার পরিষদ অধিবেশন ও নির্বাচন, ২০২২

প্রতিনিধি ..... জেলা..... অঞ্চল.....

গাইড হাউজে পৌছানোর সময় ও তারিখ .....

প্রস্থানের তারিখ ও সময় ০৭ আগস্ট ২০২২ তারিখ, সকাল ৮:০০ টা।

স্বাক্ষর ও তারিখ : -----

শ্রেণিকের নাম : -----